

বিষয়: সিনিয়রিটি নির্ধারণ (১ম ও ২য় শ্রেণী) কমিটির সভা সংক্রান্ত।

৬৫। নির্দেশনক্রমে অনুযায়ী নথি উপস্থাপন করা হলো।

৬৬। ঢাকা ওয়াসার ১ম ও ২য় শ্রেণীর কর্মকর্তাগণের সিনিয়রিটি নির্ধারণের জন্য জ্যেষ্ঠতা নির্ধারণ সংক্রান্ত কমিটির সভা আগামী ০৩/১১/২০২৪ তারিখ রবিবার বেলা ১:০০ ঘটিকায় ওয়াসা ভবনস্থ তুরাগ কনফারেন্স রুমে (ওয়াসা ভবন, ৪র্থ তলা) অনুষ্ঠিত হবে। উক্ত সভায় সম্মানিত আহ্বায়ক, সম্মানিত সদস্যগণ, সহায়ক কর্মকর্তা ও কর্মচারীদের সম্মানী ভাতার প্রয়োজন হবে। সভায় সম্মানিত আহ্বায়ক ও ০৬ জন সদস্যের উপস্থিতির জন্য সম্মানী ভাতা বাবদ $(২,৫০০+২০০০ \times ৬) = ১৪,৫০০/-$ টাকা, ০১ জন সহায়ক কর্মকর্তার ১,৫০০/- টাকা, ০১ জন অফিস সুপারিনটেনডেন্ট ১,২০০/- টাকা এবং ০৪ জন কর্মচারীর সম্মানী বাবদ $(৮০০ \times ৪) = ৩,২০০/-$ টাকা, স্টেশনারী খরচ বাবদ ১,২০০/- টাকাসহ সর্বমোট $(১৪,৫০০ + ১,৫০০ + ১,২০০ + ৩,২০০ + ১,২০০) = ২১,৬০০/-$ (একুশ হাজার ছয়শত) টাকা নির্ধারণ করা যেতে পারে।


৬৭। অনুচ্ছেদ-৬৬ এর বর্ণনামতে ২১,৬০০/- (একুশ হাজার ছয়শত) টাকা প্রয়োজন হবে যা উপ-সচিব, প্রশাসন বিভাগ-১ এর অনুকূলে অস্থায়ী অগ্রিম হিসেবে প্রদান করা যেতে পারে। প্রস্তাব অনুমোদিত হলেঃ


ক. সভায় উপস্থিত থাকার অনুরোধ জানিয়ে কমিটির সদস্যগণকে নোটিশ প্রদান করা যায়।


খ. আপ্যায়নের ব্যবস্থা করার জন্য উপ সচিব, কমন সার্ভিস বিভাগ কে বলা যেতে পারে।


গ. কমিটির সম্মানিত সদস্য, সহায়ক কর্মকর্তা ও কর্মচারীদের সম্মানী ও অন্যান্য খরচ বাবদ সর্বমোট ২১,৬০০/- (একুশ হাজার ছয়শত) টাকা প্রদানের বিষয়ে হিসাব বিভাগ বরাবর পত্র প্রেরণ করা যায়।

৬৮। উপরোক্ত নোট অনুচ্ছেদ- ৬৭ এর প্রস্তাব সদয় অনুমোদনের জন্য উপস্থাপন করা হ'ল। প্রস্তাব অনুমোদিত হলে পত্রাংশে রক্ষিত নোটিশের খসড়া/পরিচ্ছন্ন কপিতে সদয় স্বাক্ষর করা যেতে পারে।



৩১/১০/২৪


৩১.১০.২৪
৪৪(৭-১)


৩১/১০/২৪
৪৪(৭-১)


৩১/১০/২৪
৪৪(৭-১)

DMD(HR / Admin)


৩১.১০.২৪
মোঃ আক্তারুজ্জামান
উপ-ব্যবস্থাপনা পরিচালক (মানবসম্পদ ও প্রশাসন)
(অতিরিক্ত দায়িত্ব)
ঢাকা ওয়াসা